

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
উপজেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
বাবুগঞ্জ, বরিশাল
www.babuganj.barisal.gov.bd

নম্বর-০৫.১০.০৬০৩.০০১.২৩.০০১.২৩-১৮৫

তারিখ : ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র, ২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি নুসরাত ফাতিমা, উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল ও রিটার্নিং অফিসার, উপজেলা কমান্ড নির্বাচন, বাবুগঞ্জ এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪-০৩-২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, উপজেলা কমান্ড নির্বাচন, বাবুগঞ্জ, অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে:

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯-০৩-২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২-০৩-২০২৩ (বুধবার)
৩.	দাবী, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮-০৩-২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২-০৪-২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল:


ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	মনোনয়নপত্র দাখিলের তারিখ	: ০৫-০৪-২০২৩ (বুধবার) (সকাল ১০:০০ টা থেকে বেলা ৩:০০ টা পর্যন্ত)
২.	মনোনয়নপত্র বাছাই	: ০৯-০৪-২০২৩ (রবিবার)
৩.	প্রার্থীতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	: ১১-০৪-২০২৩ (মঙ্গলবার) (সকাল ১০:০০ টা থেকে বেলা ৩:০০ টা পর্যন্ত)
৪.	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩-০৪-২০২৩ (বৃহস্পতিবার)
৫.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬-০৪-২০২৩ (রবিবার)
৬.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭-০৪-২০২৩ (সোমবার)
৭.	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	: ১৮-০৪-২০২৩ (মঙ্গলবার)
৮.	ভোট গ্রহণের তারিখ	: ১৩-০৫-২০২৩ (শনিবার) (বিরতীহীনভাবে সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত)

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরো জানাইতেছি যে, আগামী ১৩-০৫-২০২৩ তারিখ সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা কমান্ড নির্বাচনে অংশ গ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা কমান্ড নির্বাচন, বাবুগঞ্জ, বরিশাল এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ ১৬ দিন ০৩ মাস ২০২৩ বঙ্গাব্দ

নির্বাচনী এলাকার নাম: বাবুগঞ্জ উপজেলা


(নুসরাত ফাতিমা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
উপজেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
বাবুগঞ্জ, বরিশাল।